NEWS FROM

ADB

Bangladesh

www.adb.org/brm
adbbrm@adb.org

A Quarterly Newsletter of the Bangladesh Resident Mission of the Asian Development Bank

June 2006

Bangladesh Improves Primary Education

বাংলাদেশে প্রাথমিক শিক্ষায় গুরুত্বপূর্ণ অগ্রগতি

The Second Primary Education Development Program (PEDP-II) of Bangladesh made significant progress in implementation in the past year, according to a joint annual review of the program held from 25 April to 8 May. The program confirmed 14,200 new teachers during fiscal year (FY) 2005-2006 (ending 30 June). About 314,877 teachers and officers received training. Over 65.4 million books were distributed free of charge to students in early 2006. In addition, 14,200 classrooms, 209 Upazilla Resource Centers, and 6,613 toilets were constructed, and 4,096 tube wells were sunk to provide arsenic-free water to students, the review revealed.

A total of 105 representatives from 11 development partners and the Government attended the review mission. ADB is the lead agency among 11 development partners assisting the flagship PEDP-II that was developed based on a holistic subsector-wide approach.

Prior to the joint annual review, a press tour was organized to visit schools and institutions supported under the program. A 10-member media team and representatives from Japan, Norway, Sweden, United Kingdom's Department for International Development, World Bank, European Union, Japan International Cooperation Agency, and United Nations Children's Fund participated in the press tour.

দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (পিইডিপি-২) বাস্তবায়নে বিগত এক বছরে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। ২৫ এপ্রিল থেকে ৮ মে ২০০৬ অনুষ্ঠিত বার্ষিক যৌথ পর্যালোচনা থেকে এ তথ্য জানা গেছে। ২০০৫-২০০৬ অর্থবছরে (৩০ জুনে সমাপ্য) এই প্রকল্পে ১৪,২০০ জন নতুন শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রায় ৩১৪,৮৭৭ জন শিক্ষক ও কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০০৬ সালের শুরুর দিকে ৬৫.৪ মিলিয়ন বই ছাত্র- ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এ ছাড়াও ১৪,২০০ টি শ্রেণীকক্ষ, ২০৯ টি উপজেলা রিসোর্স সেন্টার এবং ৬,৬১৩ টি টয়লেট নির্মাণ করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের জন্য আর্সেনিকমুক্ত পানি নিশ্চিত করতে ৪,০৯৬ টি নলকূপ বসানো হয়েছে বলে এই পর্যালোচনায় উলে-খ করা হয়।

এই পর্যালোচনা মিশনে ১১ টি উন্নয়ন অংশীদার সংস্থা এবং সরকারের মোট ১০৫ জন প্রতিনিধি যোগ দেন। পিইডিপি-২-কে সহায়তা করা এবং এর বাস্তবায়নে এডিবি ১১ টি দেশ ও সংস্থাকে নেতৃত্ব দিচ্ছে।

বার্ষিক এই যৌথ পর্যালোচনার পূর্বে এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু'র নেতৃত্বে এডিবি'র একটি প্রতিনিধি দল সাংবাদিকদের সঙ্গে নিয়ে এই কর্মসূচীর সহায়তাপুষ্ট স্কুল এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে।এই প্রতিনিধিদলে ১০ জন সাংবাদিক ছাড়াও জাপান, নরওয়ে, সুইডেন, যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন দপ্তর, বিশ্বব্যাংক, ইউরোপীয় ইউনিয়ন, জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা এবং জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিলের প্রতিনিধিরা যোগ দেন।

TALKING PROGRESS Hua Du (left), ADB Country Director, Bangladesh Resident Mission, explains progress made by PEDP-II at a press conference with David Wood, Head of the United Kingdom's Department for International Development-Bangladesh

In This Issue

- South Asia's Growth to Remain Strong in 2006–2007 2
- High-Level ADB Officials Visit Bangladesh 2
- Bangladesh's Economic Outlook Positive: QEU 3
- ADB Adopts Second Medium-Term Strategy 3
- BRM Assesses Infrastructure for Regional Connectivity 4
- ADB Calls for Urgent Power Sector Reforms 4
- ADB Operations Jump to $7.4 Billion in 2005 5
- Partnership with Academia and NGOs 6
- Minister Visits Emergency Flood Rehabilitation 7
- New BRM Staff 7
- Include the Poor in Region's Plans: ADB Annual Meeting 8
- Brunei: 65th ADB Member 8

In this issue, $ refers to US dollars.

South Asia's Growth to Remain Strong in 2006-2007

২০০৬-২০০৭-এ দক্ষিণ এশিয়ার প্রবৃদ্ধি শক্তিশালী থাকবে

The *Asian Development Outlook* (ADO) *2006* forecasts that developing Asian economies will deliver strong growth in 2006 and 2007, supported by a broadly favorable outlook for the international economy, the continuing trend toward improved economic management, and apparent resilience to high oil prices. The ADO, ADB's flagship economic publication, was launched at a press conference in Hong Kong, China on 6 April. The Bangladesh Resident Mission (BRM), along with other ADB field offices, also launched the publication simultaneously.

Developing Asia

Overall growth for the 43 countries of developing Asia, including South Asian countries, is expected to reach 7.2% in 2006 and 7% in 2007, a marginal easing from 7.4% in 2005. The downside risks facing developing Asia include a disorderly global payment imbalance, human transmission of avian flu, higher oil prices, or a surge in trade protectionism which could unsettle the outlook, the ADO said.

South Asia

South Asia's growth is expected to moderate to 7.3% in 2006 as a result of slowing in some countries, but then rise slightly to 7.5% in 2007, according to ADO. The region grew 7.8% in 2005. Average inflation for the region in 2006 is expected to increase to 6.1% as removal of subsidies on some petroleum products in a number of countries boosts domestic prices. Most countries are projected to see somewhat larger current account deficits with the regional average projected at 3% of GDP.

Bangladesh

The ADO forecasts 6.5% gross domestic product (GDP) growth for Bangladesh in fiscal year (FY) 2006 (ending 30 June), reflecting a steady increase in domestic and external demand. Relatively strong growth in exports and continued large worker remittances will help contain the current account deficit *(see related story on page 3)*. Major development challenges need to be tackled if investment is to rise and move the country onto the higher growth path required for rapid poverty reduction—including augmenting domestic resource mobilization, enhancing the efficiency in financial sector, upgrading infrastructure, and improving governance, the ADO said.

উন্নয়নশীল এশীয় অর্থনীতিসমূহ ২০০৬ ও ২০০৭-এ জোরদার প্রবৃদ্ধি অর্জন করবে বলে এশীয় উন্নয়ন আউটলুক (এডিও) ২০০৬-এ পূর্বাভাস দেয়া হয়েছে। আন্তর্জাতিক অর্থনীতির ব্যাপক অনুকূল পরিস্থিতি, উন্নত অর্থনৈতিক ব্যবস্থাপনার চলমান ধারা এবং জ্বালানী তেলের উচ্চমূল্যের আপাত স্থিতিশীলতা এ প্রবৃদ্ধি অর্জনে ভূমিকা রাখবে।

এডিবি'র অন্যতম অর্থনীতি বিষয়ক প্রকাশনা 'এডিও' ৬ এপ্রিল ২০০৬-এ হংকং-এ একটি সংবাদ সম্মেলনে প্রকাশ করা হয়। বাংলাদেশ আবাসিক মিশন এবং এডিবি'র অন্যান্য অফিসও একইসাথে এই প্রকাশনা অবমুক্ত করে।

উন্নয়নশীল এশিয়া

দক্ষিণ এশীয় দেশসমূহসহ উন্নয়নশীল এশিয়ার ৪৩টি দেশের সার্বিক প্রবৃদ্ধি ২০০৬ সালে ৭.২% অর্জিত হবে। ২০০৭ সালে ৭% প্রবৃদ্ধি ধরা হয়েছে যা ২০০৫ সালের প্রবৃদ্ধি ৭.৪% থেকে খানিকটা কম।

এডিও-তে বলা হয়েছে, উন্নয়নশীল এশিয়ার যে সমস্ত উন্নয়ন ঝুঁকি আছে তার মধ্যে রয়েছে আন্তর্জাতিক লেনদেনের ভারসাম্যহীনতা, মানব দেহে এভিয়ান ফ্লু সংক্রমণ, জ্বালানী তেলের উচ্চমূল্য এবং বাণিজ্যিক রক্ষণশীলতা।

দক্ষিণ এশিয়া

কয়েকটি দেশে উন্নয়নের ধীরগতির কারণে ২০০৬ সালে দক্ষিণ এশিয়ার প্রবৃদ্ধি ৭.৩%-এ নেমে আসতে পারে বলে এডিও-তে ধারণা করা হয়েছে। কিন্তু ২০০৭ সালে প্রবৃদ্ধির হার আবার ৭.৫%-এ উন্নীত হবে বলে আশা করা হয়েছে।

পেট্রোলিয়ামজাত পণ্যের ওপর থেকে ভর্তুকি তুলে নেবার ফলে অভ্যন্তরীণ মূল্যবৃদ্ধির কারণে ২০০৬ সালে দক্ষিণ এশিয়া অঞ্চলে গড় মুদ্রাস্ফীতি ৬.১% পর্যন্ত বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। এর কারণ হলো, গোটা অঞ্চলে চলতি হিসাবের গড় ঘাটতি ৩% হলেও অনেক দেশেই এ ক্ষেত্রে বড় আকারের ঘাটতি দেখা দিতে পারে।

বাংলাদেশ

এডিও-তে পূর্বাভাস দেয়া হয়েছে যে, ক্রমবর্ধমান অভ্যন্তরীন ও বৈদেশিক চাহিদার ওপর ভিত্তি করে ২০০৬ অর্থবছরে (৩০ জুনে সমাপ্য) বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার হবে ৬.৫%। অপেক্ষাকৃত শক্তিশালী রপ্তানী প্রবৃদ্ধি এবং বিদেশে নিয়োজিত শ্রমিকদের অধিক হারে প্রেরিত অর্থ বর্তমান অর্থঘাটতি পূরণে সহায়তা করবে (৩য় পৃষ্ঠায় সংশ্লিষ্ট লেখা দ্রষ্টব্য)। বিনিয়োগ যদি বাড়াতে হয় এবং দারিদ্র কমানোর জন্য যদি প্রয়োজনীয় উচ্চ প্রবৃদ্ধির পথে দেশকে এগিয়ে নিয়ে যেতে হয় তবে উন্নয়নের মূল চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করতে হবে। চ্যালেঞ্জসমূহের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ সম্পদ আহরণ বৃদ্ধি, আর্থিক খাতের দক্ষতা বাড়ানো এবং, অবকাঠামো ও শাসন ব্যবস্থার উন্নয়ন।

High-Level ADB Officials Visit Bangladesh

এডিবি'র উর্দ্ধতন কর্মকর্তাদের বাংলাদেশ সফর

High-level ADB officials visited Bangladesh in March 2006 to discuss regional cooperation, aid coordination and harmonization, and operational issues.

Kunio Senga, Director General, South Asia Department; Emile Gauvreau, Executive Director, and Nima Wangdi, Alternate Executive Director visited

(continued on page 5)

MEASURING PROGRESS Government officials brief SARD DG Kunio Senga (fifth from left) about work progress as he visits the ADB-assisted Amin Bazar power substation project

Bangladesh's Economic Outlook Positive: QEU

বাংলাদেশের অর্থনৈতিক পরিপ্রেক্ষিত ইতিবাচক

Despite external pressures, the economic outlook for Bangladesh remained positive due to a steady expansion in industry and services, aided by a strong recovery in agriculture, according to the March 2006 Bangladesh *Quarterly Economic Update* (QEU).

Growth in Bangladesh's gross domestic product is estimated at 6.5% in FY2006, reflecting a steady increase in domestic and external demand. Bangladesh, however, needs to address three major behind-the-border barriers to trade and long-term growth potential: (i) weakness in economic governance, (ii) inadequate physical infrastructure, and (iii) high cost of trade, which impinges on export competitiveness (*see related story on page 2*).

Released by ADB's Bangladesh Resident Mission on 4 May, the QEU said the Multifiber Arrangement phase-out benefited major competitive countries, including Bangladesh. Higher petroleum prices have contributed to rising fuel subsidies, which could have serious macroeconomic consequences in the period ahead. Shortage and unreliable electricity supply is costly to the economy, the QEU said.

বাংলাদেশের ত্রৈমাসিক অর্থনৈতিক প্রতিবেদন, মার্চ ২০০৬ অনুযায়ী বহির্বাণিজ্যে নানা ধরনের চাপ থাকা সত্ত্বেও কৃষিখাতের সাফল্য এবং শিল্প ও সেবা খাতের গতিশীল বিস্তারের ফলে বাংলাদেশের অর্থনৈতিক পরিপ্রেক্ষিত ইতিবাচক রয়েছে।

অভ্যন্তরীণ ও বাইরের ক্রমবর্ধমান চাহিদার ওপর ভিত্তি করে ২০০৬ অর্থবছরে বাংলাদেশের গড় প্রবৃদ্ধি (জিডিপি) ৬.৫% হবে বলে আশা করা যায়। বাংলাদেশের এখন প্রয়োজন বাণিজ্য ও দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধির সম্ভাবনার ক্ষেত্রে তিনটি বড় বাধা দূর করা। এগুলো হলো, ক) অর্থনৈতিক শাসন ব্যবস্থার দুর্বলতা, খ) অপর্যাপ্ত ভৌত অবকাঠামো এবং গ) উচ্চ ব্যবসায়িক খরচ, যা প্রতিযোগিতামূলক রপ্তানী ক্ষেত্রে ক্ষতিকর প্রভাব ফেলছে (২য় পৃষ্ঠায় সংশি-ষ্ট লেখা দ্রষ্টব্য)।

৪ মে ২০০৬ এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন কর্তৃক প্রচারিত ত্রৈমাসিক অর্থনৈতিক প্রতিবেদনটিতে বলা হয়েছে, শেষ হয়ে যাওয়া মাল্টিফাইবার এগ্রিমেন্ট (এমএফএ)-এর মাধ্যমে বাংলাদেশ-সহ এ খাতের প্রধান প্রতিযোগী দেশসমূহ উপকৃত হয়েছে। পেট্রোলিয়ামের উচ্চমূল্যের কারণে জ্বালানী খাতে ভর্তুকি বেড়েছে যার ফলে পরবর্তীতে সমগ্র অর্থনীতিতে এর ক্ষতিকর প্রভাব পড়তে পারে। বিদ্যুৎ ঘাটতি এবং অনির্ভরযোগ্য সরবরাহ ব্যবস্থা অর্থনীতির জন্য বড় ক্ষতির কারণ।

ADB Adopts Second Medium-Term Strategy

এডিবি'র দ্বিতীয় মধ্য-মেয়াদী কর্মকৌশল প্রণীত

The Asian Development Bank approved its Second Medium-Term Strategy (MTS-II) 2006-2008 in May 2006. The main purpose of the MTS II is to strengthen the poverty reduction impact of ADB's assistance programs in the context of the key challenges facing the region.

To achieve this objective, MTS II has adopted five strategic priorities: (i) catalyzing investment, (ii) strengthening inclusiveness, (iii) promoting regional cooperation and integration, (iv) managing the environment, and (v) improving governance and preventing corruption. MTS II discusses how ADB will pursue these strategic priorities in the next few years.

Emphasizing ADB's catalytic role, MTS II proposes greater support to financing partnerships and cofinancing along with its own financing resources, expertise and knowledge, in its efforts to help reduce poverty in the region.

Developed through a consultative process, the MTS II also calls for the systematic pilot testing of products recently introduced and further streamlining of business processes to make ADB more responsive, flexible, and efficient.

MTS II renews emphasis on project implementation and portfolio performance, the application of quality-at-entry mechanisms and project readiness criteria, and the continuing development of results-based performance evaluation systems at all levels.

এডিবি ২০০৬ সালের মে মাসে দ্বিতীয় মধ্য-মেয়াদী কর্মকৌশল (এমটিএস-২) ২০০৬-২০০৮ অনুমোদন করেছে। এই কর্মকৌশলের মূল উদ্দেশ্য হলো এ অঞ্চলের প্রধান চ্যালেঞ্জসমূহের প্রেক্ষাপটে এডিবি-সহায়তাপুষ্ট দারিদ্র-দূরীকরণ কর্মসূচীগুলোর কার্যকারিতা জোরদার করা।

এই লক্ষ্য অর্জনে এমটিএস-২ কর্মকৌশলগত পাঁচটি অগ্রাধিকার নির্ধারণ করেছে। এগুলো হলো: ক) বিনিয়োগ-বান্ধব পরিবেশ সৃষ্টি করা, খ) উন্নয়ন প্রক্রিয়ায় দরিদ্র জনগোষ্ঠীকে আরো বেশী সম্পৃক্ত করা, গ) আঞ্চলিক সহযোগিতা ও সংহতি বাড়ানো, ঘ) পরিবেশ ব্যবস্থাপনা এবং ঙ) শাসন ব্যবস্থার উন্নয়ন ও দুর্নীতি প্রতিরোধ। পরবর্তী কয়েক বছরে এডিবি কিভাবে এই অগ্রাধিকার-ভিত্তিক কর্মকৌশল এগিয়ে নেবে সে বিষয়েও এমটিএস-২-এ আলোচনা করা হয়েছে।

এশিয়ায় দারিদ্র-দূরীকরণ প্রচেষ্টাকে সহায়তার জন্য নিজস্ব অর্থ, বিশেষ দক্ষতা ও জ্ঞান ব্যবহারের পাশাপাশি অনুঘটক হিসাবে এডিবি'র ভূমিকার ওপরে জোর দিয়ে এই কর্মকৌশলে অংশীদার-ভিত্তিক যৌথ অর্থায়নে বৃহত্তর সহযোগিতার প্রস্তাব করা হয়েছে।

পরামর্শমূলক পদ্ধতিতে প্রণীত এই কর্মকৌশলে সাম্প্রতিক কালে চালু হওয়া কিছু পদ্ধতির পরীক্ষামূলক প্রয়োগের আহবান জানানো হয়েছে। কর্মপদ্ধতিকে আরো উন্নত করার মাধ্যমে এডিবি'কে আরো নমনীয়, দক্ষ এবং দ্রুত সাড়া দিতে সক্ষম করে তোলার উপর জোর দেয়া হয়েছে। এ জন্য কর্মপদ্ধতিসমূহকে একটি অভিন্ন প্রবাহে নিয়ে আসারও আহ্বান জানানো হয়েছে।এমটিএস-২ প্রকল্প বাস্তবায়ন, কর্মপরিচালনা, প্রকল্প প্রণয়ণে গুণগত মান নিশ্চিতকরণ এবং সকল পর্যায়ে ফলাফল-ভিত্তিক দক্ষতা মূল্যায়নের উপর জোর পুনর্ব্যক্ত করেছে।

BRM Assesses Infrastructure for Regional Connectivity
আঞ্চলিক যোগাযোগ অবকাঠামো মূল্যায়ন করেছে বাংলাদেশ আবাসিক মিশন

An ADB delegation led by Hua Du, Country Director, Bangladesh Resident Mission, visited on 8–9 April regional connectivity sites on the northwestern border of Banglabandha, linking Bangladesh, Bhutan, India, and Nepal.

The delegation assessed infrastructure facilities on the Bangladesh side, linking Banglabandha in Bangladesh, Phulbari in India, and Kakarbhitta in Nepal through the chicken's neck area of India. The chicken's neck connectivity is the shortest corridor between Bangladesh and Nepal, and contributes to Bhutan's access to both Bangladesh and Nepal. ADB is working with countries of the South Asia Subregional Economic Cooperation—Bangladesh, Bhutan, India, and Nepal—to operationalize the corridor.

"Development of road infrastructure is a necessary condition but not sufficient for connectivity," said Ms. Du. "Trade facilitation measures, such as the streamlining of customs procedures and easing restrictions on movement of vehicles are also essential," she added.

The ADB delegation also visited the project site for the proposed steel plant of the Tata Group in Ishurdi, an alternative site to the project in Bheramara, and the site for the proposed Asia Energy coal mine project in Phulbari.

৮-৯ এপ্রিল বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু'র নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলাদেশের উত্তর পশ্চিম সীমান্ত বাংলাবান্ধায় বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপালের মধ্যে আন্তঃযোগাযোগ স্থাপনকারী আঞ্চলিক সংযোগকারী এলাকা পরিদর্শন করে ।প্রতিনিধিদল বাংলাদেশের বাংলাবান্ধা, ভারতের ফুলবাড়ি এবং নেপালের কাকরভিটা'র মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য বাংলাদেশ সীমান্তের অবকাঠামো সুবিধাদি পর্যবেক্ষণ করে । এই এলাকার মধ্য দিয়ে সংযোগ স্থাপিত হলে তা হবে বাংলাদেশ ও নেপালের মধ্যে সবচেয়ে ছোট করিডোর যা বাংলাদেশ ও নেপালের সাথে ভুটানের যোগাযোগের ক্ষেত্রেও অবদান রাখবে । এই করিডোর চালু করতে বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপালের সমন্বয়ে গঠিত দক্ষিণ এশীয় উপ-আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতাভুক্ত দেশ সমূহের সাথে এডিবি কাজ করে যাচ্ছে ।

হুয়া দু বলেন, আন্তঃযোগাযোগের ক্ষেত্রে অবকাঠামো উন্নয়ন একটি প্রয়োজনীয় শর্ত, তবে তা যথেষ্ট নয় । তিনি বলেন, শুল্ক প্রক্রিয়া সহজীকরণ এবং যানবাহন চলাচলের ওপর বিধিনিষেধ শিথিল করার মত বাণিজ্য উন্নয়ন পদক্ষেপও এক্ষেত্রে জরুরী ।

এডিবি প্রতিনিধি দলটি ঈশ্বরদিতে প্রস্তাবিত টাটা গ্রুপের ইস্পাত কারখানা প্রকল্পের স্থান এবং ভেড়ামারায় প্রস্তাবিত প্রকল্পটির বিকল্প স্থান পরিদর্শন করে । দলটি ফুলবাড়িতে এশিয়া এনার্জির প্রস্তাবিত কয়লা খনি প্রকল্পও পরিদর্শন করে ।

ADB Calls for Urgent Power Sector Reforms
জরুরী ভিত্তিতে বিদ্যুৎ খাত সংস্কারে এডিবি'র আহবান

Urgent reform in Bangladesh's power sector is needed, including tariff adjustment to expedite the country's development, according to Hua Du, Country Director, Bangladesh Resident Mission.

Speaking at a roundtable on power sector reform, Ms. Du said curbing corruption, tariff adjustment, and increasing operational performance were keys to accelerate reform. ADB organized the roundtable jointly with the Federation of Bangladesh Chambers of Commerce and Industries (FBCCI) on 29 April as part of its quarterly consultation with the private sector.

Bangladesh has one of the lowest per capita energy consumption rates at 155 kilowatt-hours a year, Ms. Du said. She proposed corporate and financial restructuring and power tariff adjustment to develop a vibrant and strong power sector. "Over the last decade, net energy demand grew by 8.1% annually which was accompanied by an average annual GDP growth rate of 5.1%," Ms. Du said. "For an average annual GDP growth rate of 8% over next two decades, the required average annual energy growth rate is 12%," she said. FBCCI president Mir Nasir Hossain, senior business leaders, ADB officials, and journalists attended the roundtable.

POWER SECTOR REFORMS FBCCI President Mir Nasir Hossain (right) with Hua Du (center), Country Director, Bangladesh Resident Mission and Power Secretary ANH Akhter Hossain at the seminar on power sector reforms

এডিবির বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু বলেন, বাংলাদেশের উন্নয়ন ত্বরান্বিত করতে বিদ্যুতের মূল্য সমন্বয়সহ বিদ্যুৎ খাতের সংস্কার জরুরী ।

বিদ্যুৎ খাতের পুনর্গঠন বিষয়ে এক গোলটেবিল বৈঠকে হুয়া দু বলেন, সংস্কার ও পুনর্গঠন ত্বরান্বিত করার চাবিকাঠি হল দুর্নীতি দমন, বিদ্যুতের মূল্য সমন্বয় এবং ব্যবস্থাপনা উন্নয়ন । বেসরকারী খাতের সাথে ত্রৈ-মাসিক মতবিনিময়ের অংশ হিসাবে ২৯ এপ্রিল ২০০৬ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)-এর সাথে যৌথভাবে এডিবি এই গোলটেবিলের আয়োজন করে ।

হুয়া দু বলেন,বাংলাদেশে মাথাপিছু বিদ্যুৎ ব্যবহার ১৫৫ কিলোওয়াট/ঘন্টা, যা পৃথিবীর সর্বনিম্ন পর্যায়ের । তিনি একটি গতিশীল ও শক্তিশালী বিদ্যুৎ খাত বিনির্মাণে অর্থনৈতিক ও প্রাতিষ্ঠানিক পুনর্গঠন এবং বিদ্যুতের মূল্য সমন্বয়ের প্রস্তাব করেন ।

হুয়া দু বলেন গত দশকে বার্ষিক ৫.১% প্রবৃদ্ধির সাথে সাথে বার্ষিক মোট বিদ্যুৎ চাহিদা বেড়েছে ৮.১ % । পরবর্তী দুই দশকে ৮% বার্ষিক প্রবৃদ্ধির জন্য বার্ষিক গড় বিদ্যুৎ প্রবৃদ্ধির প্রয়োজনীয় হার ১২% । এফবিসিসিআই সভাপতি মীর নাসির হোসেন, গুরুত্বপূর্ণ ব্যবসায়ী নেতৃবৃনদ , এডিবি কর্মকর্তা এবং সাংবাদিকরা এই গোলটেবিলে যোগ দেন ।

ADB Operations Jump to $7.4 Billion in 2005
২০০৫-এ এডিবি'র কার্যক্রম বেড়ে দাড়িয়েছে ৭.৪ বিলিয়ন ডলার

The volume of ADB's operations in 2005 increased by 30% from 2004 to $7.4 billion, according to ADB's *Annual Report 2005* that was released in April 2006.

Lending made up 78% of total operations, with $5.8 billion approved for 72 loans (64 projects). For Bangladesh, ADB approved five new projects totaling $474.80 million in 2005. With this, the cumulative ADB lending for Bangladesh stood at $8,044.69 million at the end of 2005.

Approved grants sharply increased from $104.4 million in 2004 to $1.2 billion in 2005. Complementing the loans, 299 technical assistance grants totaling about $198.7 million were approved in 2005.

The transport and communications sector continued to receive the largest share of lending at $1.7 billion (30%), followed by energy with 18.5% of total lending. By theme, sustainable economic growth was the most prevalent and was associated with 53 projects.

In 2005, ADB created the Office of Regional Economic Integration, multitranche financing facility, local currency financing for public and private transactions, and responded rapidly to the Indian Ocean tsunami, South Asian earthquake, and avian flu. A new Public Communications Policy also came into effect during the year. The full report is available at www.adb.org.

এপ্রিল ২০০৬-এ প্রকাশিত এডিবি'র বার্ষিক প্রতিবেদনে বলা হয়েছে, ২০০৪ থেকে ২০০৫-এ এডিবি'র কার্যক্রম ৩০ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৭.৪ বিলিয়ন ডলার।

২০০৪-২০০৫ সালে মোট ৭২ টি ঋণের (৬৪টি প্রকল্প) জন্য অনুমোদন করা হয়েছে ৫.৮ বিলিয়ন ডলার যা সর্বমোট কর্মকাণ্ডের ৭৮ ভাগ। এই সময়ে এডিবি বাংলাদেশের জন্য পাঁচটি নতুন প্রকল্প অনুমোদন করেছে যার পরিমান ৪৭৪.৮০ মিলিয়ন ডলার। এর ফলে ২০০৫ সালের শেষে বাংলাদেশের জন্য এডিবি'র ক্রমপুঞ্জিত ঋণের পরিমান দাড়াল ৮,০৪৪.৬৯ মিলিয়ন ডলার।

২০০৪-২০০৫-এ অনুমোদিত অনুদান ১০৪.৪ মিলিয়ন ডলার থেকে বেড়ে দাঁড়িয়েছে ১.২ বিলিয়ন ডলার। ঋণের পরিপূরক হিসাবে ২০০৫ সালে ২৯৯টি কারিগরী সহায়তা মঞ্জুরী অনুমোদন করা হয়েছে যার পরিমান ১৯৮.৭ মিলিয়ন ডলার।

পরিবহন ও যোগাযোগ খাতে সবচেয়ে বেশী ঋণ দেয়া হয়েছে যার পরিমান ১.৭ বিলিয়ন ডলার (৩০%)। এর পরেই রয়েছে বিদ্যুৎ খাত, যেখানে ঋণের পরিমান মোট ঋণের ১৮.৫ ভাগ। বিষয়গতভাবে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি ৫৩টি প্রকল্পে অন্তর্ভুক্ত থেকে সবচেয়ে বেশী গুরুত্ব পেয়েছে।

২০০৫ সালে এডিবি আঞ্চলিক অর্থনৈতিক সংহতির জন্য আলাদা দপ্তর, মাল্টি ট্র্যাঞ্চ অর্থায়ন সুবিধা এবং সরকারী-বেসরকারী পর্যায়ে স্থানীয় মুদ্রায় লেনদেন সুবিধা সৃষ্টি করেছে। ভারত মহাসাগরীয় সুনামি, দক্ষিণ এশীয় ভূমিকম্প এবং এভিয়ান ফ্লু'র ক্ষেত্রে এডিবি দ্রুত সহযোগিতার হাত বাড়িয়েছে। এই বছরে একটি নতুন গণযোগাযোগ নীতিও কার্যকর হয়েছে। সম্পূর্ণ প্রতিবেদনের জন্য www.adb.org ওয়েবসাইট দেখুন।

High-Level ADB Officials Visit Bangladesh
এডিবি'র উর্দ্ধতন কর্মকর্তাদের বাংলাদেশ সফর

(continued from page 2)

Bangladesh separately and met with Minister for Finance and Planning M Saifur Rahman and other senior government officials. They also met representatives of civil society and development partners, including heads of missions and aid agencies.

Mr. Gauvreau represents Canada, Denmark, Finland, the Netherlands, Norway, and Sweden in ADB's Board of Directors. Mr. Wangdi represents Bangladesh and also Afghanistan, Bhutan, India, Lao People's Democratic Republic, and Tajikistan in the Board.

The ADB officials visited various ADB-assisted projects, including Urban Primary Health Care Project, Jamuna Bridge, Aminbazar Power Substation, Urban Governance and Infrastructure Improvement Project, Second Small-Scale Water Resources Development Project, and Second Primary Education Development Program.

আঞ্চলিক সহযোগিতা, অর্থ সাহায্যের সমন্বয় এবং ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য ২০০৬ সালের মার্চে এডিবি কর্মকর্তারা বাংলাদেশ সফর করেন। নির্বাহী পরিচালক এমিল গভরিউ, বিকল্প নির্বাহী পরিচালক নিমা ওয়াংদি এবং দক্ষিণ এশীয় দপ্তরের মহা পরিচালক কুনিও সেঙ্গা পৃথক পৃথক ভাবে বাংলাদেশে আসেন।

কর্মকর্তারা অর্থ ও পরিকল্পনা মন্ত্রী এম সাইফুর রহমান এবং অন্যান্য উর্দ্ধতন সরকারী কর্মকর্তা ছাড়াও বিভিন্ন মিশন এবং সাহায্য সংস্থার প্রধানসহ সুশীল সমাজ এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের সাথেও সাক্ষাৎ করেন। তাঁরা এডিবি সহায়তাপুষ্ট বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন। প্রকল্পগুলোর মধ্যে রয়েছে, নগরভিত্তিক প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রকল্প, যমুনা সেতু, আমিন বাজার বিদুৎ উপকেনদ্র, নগর শাসন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ক্ষুদ্র পানি সম্পদ উন্নয়ন প্রকল্প-২ এবং প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প-২।

এমিল গভরিউ কানাডা, ডেনমার্ক, ফিনল্যান্ড, নেদারল্যান্ড্স, নরওয়ে এবং সুইডেনের এডিবি পরিচালনা পরিষদের প্রতিনিধিত্ব করেন। বোর্ডে নিমা ওয়াংদি বাংলাদেশসহ আফগানিস্তান, ভুটান, ভারত, লাও প্রজাতন্ত্র এবং তাজিকিস্তানের প্রতিনিধিত্ব করেন।

For more details, visit

ADB Online

www.adb.org

Partnership with Academia and NGOs

শিক্ষা-গবেষণা বিশেষজ্ঞ এবং এনজিওদের সাথে অংশীদারিত্ব

The Bangladesh Resident Mission (BRM) of ADB held separate consultations with nongovernment organizations (NGOs) and academia in April 2006, as part of its quarterly programs. Presentations were made on ADB's Bangladesh country strategy and program (CSP) 2006–2010 and regional cooperation and integration to NGOs and academia, respectively.

Hua Du, Country Director, BRM outlined ADB's strategy and role in strengthening regional cooperation and integration. Regional and subregional economic cooperation in infrastructure, trade, investment, monetary and financial policy, and regional public goods were identified as the major pillars of regional cooperation and integration.

Representatives from academia acknowledged that more cooperation among Asia and Pacific countries is needed to facilitate trade, enhance cross-border infrastructure projects, support human development programs, build capacity, and reduce trafficking. Raising the effectiveness of governance and adequately managing megacity environment were among the other issues raised by academia. Professors and researchers of leading public and private universities and research organizations attended the discussion.

Appreciating ADB's CSP 2006–2010, NGO representatives urged ADB to proactively support initiatives for cooperation in energy and water among Bangladesh, Bhutan, People's Republic of China, India, and Nepal to accelerate development and address environmental concerns. The NGO representatives also suggested taking steps to introduce a common currency across Asia and promote not only free movement of goods but also of people. The NGOs called for more support from ADB for capacity building of civil society through projects.

CONSULTATION WITH ACADEMIA Leading representatives from academia at ADB's quarterly consultation

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর বাংলাদেশ আবাসিক মিশন ত্রৈ-মাসিক কর্মসূচীর অংশ হিসাবে ২০০৬ সালের এপ্রিলে বেসরকারী সংস্থা এবং শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞদের সাথে পৃথকভাবে মতবিনিময় করেছে। এ সভা দু'টিতে বেসরকারী সংস্থা এবং শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞদের কাছে যথাক্রমে এডিবি'র বাংলাদেশ কর্মকৌশল ও পরিকল্পনা (সিএসপি) ২০০৬-২০১০ এবং আঞ্চলিক সহযোগিতা এবং সংহতি বিষয়ে পৃথক উপস্থাপনা তুলে ধরা হয়।

শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞদের সাথে আলোচনায় বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু আঞ্চলিক সহযোগিতা ও সংহতি জোরদার করার ক্ষেত্রে এডিবি'র কর্মকৌশল এবং ভূমিকা ব্যাখ্যা করেন। অবকাঠামো, বাণিজ্য, বিনিয়োগ, মুদ্রা ও অর্থনৈতিক নীতি এবং আঞ্চলিক উন্নয়নের ক্ষেত্রে আন্তঃসহযোগিতার বিষয়টিকে তিনি আঞ্চলিক সহযোগিতা ও সংহতির মূল স্তম্ভ হিসাবে চিহ্নিত করেন।

শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞরা জানান, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহের মধ্যে আরো বেশী আন্তঃসহযোগিতা দরকার। বাণিজ্য উন্নয়ন, আন্তঃদেশীয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণ, মানব উন্নয়ন কর্মসূচীকে সহায়তাদান, দক্ষতা উন্নয়ন এবং মানুষ পাচার প্রতিরোধে এই সহযোগিতা প্রয়োজন। শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞরা অন্যান্য বিষয়ের সাথে শাসন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি এবং মহানগরের পরিবেশের উন্নত ব্যবস্থাপনার উপর জোর দেন। এ আলোচনায় সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গবেষকগণ উপস্থিত ছিলেন।

এডিবি'র বাংলাদেশ কর্মকৌশল এবং পরিকল্পনা (সিএসপি) ২০০৬-২০১০-এর প্রশংসা করে এনজিও প্রতিনিধিরা বিভিন্ন আঞ্চলিক সহযোগিতার উদ্যোগকে সক্রিয়ভাবে সহায়তা করার জোর সুপারিশ করেন। বাংলাদেশ, ভুটান, গণচীন, ভারত ও নেপালের উন্নয়ন ত্বরান্বিত করার জন্য পরিবেশ সমস্যা সমাধান এবং শক্তি ও পানি খাতে এই সহযোগিতার সুপারিশ করা হয়। এনজিও প্রতিনিধিরা সমগ্র এশিয়াতে অভিন্ন মুদ্রা প্রচলন এবং শুধু পণ্য নয় মানুষও যাতে মুক্তভাবে চলাচল করতে পারে তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানান।এনজিও প্রতিনিধিরা বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সুশীল সমাজের দক্ষতা উন্নয়নে আরো বেশী সহায়তাদানের জন্য এডিবি'র প্রতি আহ্বান জানান।

NGOs SPEAK OUT Hua Du, Country Director, Bangladesh Resident Mission, briefs NGO representatives on Bangladesh CSP 2006-2010 at the quarterly consultation

Minister Visits Emergency Flood Rehabilitation Project

পানি সম্পদ মন্ত্রীর জরুরী বন্যা পুনর্বাসন প্রকল্প পরিদর্শন

Water Resources Minister Hafizuddin Ahmed visited the Emergency Flood Damage Rehabilitation Project (EFDRP) sites in Sirajganj and Rangpur districts on 22 April to review implementation progress, transparency, efficiency, and governance issues.

The Minister—accompanied by Hua Du, Country Director, ADB Bangladesh Resident Mission—saw embankment and spur construction work on the Jamuna River in Sirajganj. He took account of the implementation work and appreciated the vigilance of the contractors, consultants, and staff members of the Water Development Board and ADB.

The visit followed cancellation of a contract package by ADB under the project's water resource component due to bidding irregularities. The EFDRP was commissioned with ADB assistance to rehabilitate the damage caused by the 2004 catastrophic floods that affected two thirds of Bangladesh.

পানিসম্পদ মন্ত্রী হাফিজ উদ্দিন আহমেদ ২২ এপ্রিল ২০০৬ সিরাজগঞ্জ ও রংপুর জেলায় জরুরী বন্যা ক্ষয়ক্ষতি পুনর্বাসন প্রকল্পের (ইএফডিআরপি) কার্যক্রম পরিদর্শন করেন। তিনি এ প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, স্বচ্ছতা,দক্ষতা এবং প্রশাসনিক বিভিন্ন বিষয় পর্যালোচনা করেন। মন্ত্রীর সাথে এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু সিরাজগঞ্জে যমুনা নদীর বাধ ও পাড় নির্মাণ কাজ ঘুরে দেখেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন কর্মকাণ্ডের খবরাখবর নেন এবং ঠিকাদার, পরামর্শদাতা ও পানি উন্নয়ন বোর্ডের সক্রিয়তা এবং এডিবি'র তদারকির প্রশংসা করেন। দরপত্র সংক্রান্ত অনিয়মের কারণে এডিবি এই প্রকল্পের অধীন একটি চুক্তিনামা বাতিল করার পরে মাননীয় মন্ত্রী প্রকল্পটি পরিদর্শনে এলেন। ২০০৪ সালের প্রলয়ঙ্করী বন্যার ক্ষয়ক্ষতি পুনর্বাসনের জন্য এডিবি'র সহায়তায় জরুরী বন্যা ক্ষয়ক্ষতি পুনর্বাসন প্রকল্পটি হাতে নেয়া হয়।

New BRM Staff

বাংলাদেশ আবাসিক মিশনের নতুন সদস্য

Economics Officer

ইকোনোমিকস্ অফিসার

Saquib Anwar joined the Bangladesh Resident Mission (BRM) as Economics Officer in March 2006. Prior to ADB, he worked as Lecturer in North South University since 2003. He also worked as Financial Consultant in various organizations, including The Asia Foundation and Square Group. Mr. Anwar received his MS and BS degrees in Finance from Temple University and Indiana University of Pennsylvania, both in the United States.

সাকিব আনোয়ার ২০০৬ সালের মার্চে বাংলাদেশ আবাসিক মিশনে ইকোনোমিকস্ অফিসার হিসাবে যোগ দিয়েছেন। এর আগে ২০০৩ সাল থেকে তিনি নর্থ-সাউথ ইউনিভার্সিটি-তে প্রভাষক হিসাবে কাজ করেছেন। তিনি এশিয়া ফাউন্ডেশন এবং স্কয়ার গ্রুপ-সহ বিভিন্ন প্রতিষ্ঠানে অর্থনৈতিক পরামর্শদাতা হিসাবেও কাজ করেন। জনাব আনোয়ার যুক্তরাষ্ট্রের টেম্পল বিশ্ববিদ্যালয় এবং ইন্ডিয়ানা ইউনিভার্সিটি অব পেনসিলভ্যানিয়া থেকে অর্থনীতিতে যথাক্রমে এম.এস এবং বি.এস ডিগ্রি অর্জন করেন।

Administrative Assistant

প্রশাসনিক সহকারী

Rosy Ahmed joined BRM's Portfolio Management Unit (PMU) as Administrative Assistant in February 2006. Before ADB, she was Assistant Secretary to the Board of Governor in North South University; Management Secretary in Cairn Energy Plc. UK; Administrative Assistant in Shell Corporation, Holland; and Project Secretary in Danish International Development Agency, Denmark.

রোজি আহমেদ ২০০৬ সালের ফেব্রুয়ারিতে বাংলাদেশ আবাসিক মিশনের পোর্টফোলিও ব্যবস্থাপনা ইউনিটে (পিএমইউ) প্রশাসনিক সহকারী হিসাবে যোগ দেন। এর আগে তিনি নর্থ-সাউথ ইউনিভার্সিটি'র বোর্ড অব গভর্নর-এর সহকারী সচিব, কেয়ার্ন এনার্জি পিএলসি, যুক্তরাজ্য-এর ব্যবস্থাপনা সহকারী, শেল কর্পোরেশন, হল্যান্ড-এর প্রশাসনিক সহকারী এবং ড্যানিশ ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সির প্রকল্প সচিব হিসাবে কাজ করেছেন।

Administrative Assistant

প্রশাসনিক সহকারী

Ratna Juliana Chowdhury joined BRM's PMU as Administrative Assistant in November 2005. Earlier, she worked as Secretary for the United Nations Development Programme , United Nations Children's Fund, and Advanced Chemical Industries. She also worked with various other organizations since 1989.

রত্না জুলিয়ানা চৌধুরী নভেম্বর ২০০৫-এ বাংলাদেশ আবাসিক মিশনের পোর্টফোলিও ব্যবস্থাপনা ইউনিটে (পিএমইউ) প্রশাসনিক সহকারী হিসাবে যোগ দেন। এর আগে তিনি জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীতে প্রশাসনিক সহকারী এবং সেক্রেটারি;জাতিসংঘ শিশু তহবিলে প্যার্স্যানেল সেকসেনের সেক্রেটারি, এ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজর প-্যানি্ং ডিরে্ক্টরের সেক্রেটারি ছাড়াও ১৯৮৯ সাল থেকে বিভিন্ন প্রতিষ্ঠানে সাফল্যের সাথে কাজ করেছেন।

Include the Poor in Region's Plans: ADB Annual Meeting

এডিবি'র বার্ষিক সভায় দরিদ্র-সহায়ক নীতি প্রণয়নের আহ্বান

The 39th Annual Meeting of the Asian Development Bank (ADB) was held from 3–6 May in Hyderabad, India with a renewed call to include the poor in the region's plans for growth.

"Including the poor means investing in people: investing in rural development and basic human services, like health and education; and investing in infrastructure that directly benefits the poor by providing access to markets and services that can improve their standard of living," ADB President Haruhiko Kuroda told the concluding session of the 4-day meeting.

The meeting highlighted development challenges facing Asia in the face of global imbalances, regional integration and the Asia and Pacific region's massive infrastructure needs. Over 2,500 delegates, comprising senior government officials, ministers, academics, journalists, business people, investment bankers, and representatives of international and nongovernment organizations, attended the meeting.

Speaking at the meeting, Md Ismail Zabihullah, Alternate Governor for Bangladesh at ADB, and Secretary, Economic Relations Division, Government of Bangladesh, expressed the Government's firm commitment in social development and poverty reduction. "The inclusiveness of the growth process will be reinforced through adoption of policy measures to protect the weak and vulnerable sections of the population," Mr. Zabihullah said, explaining the Government's poverty reduction efforts and strategies.

ADB ANNUAL MEETING Bangladesh Finance Minister M Saifur Rahman (center) at the first informal meeting of the SAARC Finance Ministers at the 39th annual meeting of ADB, with ADB President Haruhiko Kuroda (left) and SAARC Secretary General Lyonpo Chenkyab Dorji

Supporting ADB's proactive role in promoting regional cooperation and integration, Mr. Zabihullah called for greater regional cooperation in the transport, communication, energy, water, and power sectors.

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ৩৯তম বার্ষিক সভা ৩-৬ মে,২০০৬ ভারতের হায়দ্রাবাদে অনুষ্ঠিত হয়েছে। এ সভায় আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনায় দরিদ্রদের অন্তর্ভুক্তির আহ্বান পুনর্ব্যক্ত করা হয়েছে।

চার দিনের এ সভার সমাপনী অধিবেশনে এডিবি সভাপতি হারুহিকো কুরোদা বলেন, "দরিদ্রদের অন্তর্ভুক্ত করার অর্থ হলো জনগণের জন্য বিনিয়োগ অর্থাৎ গ্রামীণ উন্নয়ন এবং স্বাস্থ্য ও শিক্ষা খাতের মত মৌলিক পরিসেবার ক্ষেত্রে বিনিয়োগ। এছাড়াও রয়েছে অবকাঠামো ক্ষেত্রে বিনিয়োগ যা সরাসরি দরিদ্র জনগোষ্ঠীকে উপকৃত করে কারন এর ফলে তারা বাজার সুবিধা ও পরিসেবা পায় এবং তাদের জীবনযাত্রার মান উন্নত হয়।

বৈশ্বিক ভারসাম্যহীনতা, আঞ্চলিক সংহতি, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ব্যাপক অবকাঠামো চাহিদার মুখে এশিয়া যে সমস্ত চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে তা এ সভায় গুরুত্বের সাথে আলোচিত হয়েছে। মন্ত্রী,উর্দ্ধতন সরকারী কর্মকর্তা, শিক্ষা ও গবেষণা বিশেষজ্ঞ, সাংবাদিক, ব্যবসায়ী, বিনিয়োগকারী এবং আন্তর্জাতিক ও বেসরকারী সংস্থার প্রতিনিধিসহ ২,৫০০'র বেশী প্রতিনিধি এ সভায় যোগ দেন।

এ সভায় এডিবি'তে বাংলাদেশের বিকল্প গভর্নর এবং বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মো: ইসমাইল জবিউল-হ সামাজিক উন্নয়নে এবং দারিদ্র দূরীকরণে সরকারের আন্তরিকতা পুনর্ব্যক্ত করেন। জবিউল-হ তার সরকারের দারিদ্র দূরীকরণ প্রচেষ্টা এবং কৌশলের ব্যাখ্যা দিতে গিয়ে বলেন, অতি দরিদ্র জনগণের নিরাপত্তা বিধানে নীতি প্রণয়নের মাধ্যমে উন্নয়ন প্রক্রিয়ায় দরিদ্র জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিকরণ আরো বাড়ানো হবে। সভায় আঞ্চলিক সহযোগিতা এবং সংহতি বৃদ্ধিতে এডিবি'র উদ্যোগী ভূমিকা সমর্থন করে জনাব জবিউল-হ পরিবহন, যোগাযোগ, শক্তি, পানি এবং বিদ্যুৎ খাতে বৃহত্তর আঞ্চলিক সহযোগিতার আহ্বান জানান।

Brunei: 65th ADB Member

এডিবি'র ৬৫তম সদস্য ব্রুনেই

Brunei Darussalam became the 65th member of ADB, effective 27 April 2006. Brunei Darussalam has subscribed to 12,462 shares of the capital stock. ADB's authorized capital stock is 3,522,190 shares, equivalent to $51.55 billion.

ব্রুনেই দারুস-সালাম এডিবি'র ৬৫তম সদস্য হয়েছে। ২৭ এপ্রিল ২০০৬ এই সদস্যপদ কার্যকর হয়েছে। দেশটি ব্যাংকের ১২,৪৬২ টি শেয়ারের অংশীদার হয়েছে। এডিবি'র মোট শেয়ারের সংখ্যা ৩,৫২২,১৯০ টি যার মূল্যমান ৫১.৫৫ বিলিয়ন ডলার।

NEWS FROM

Bangladesh

The quarterly newsletter of the Asian Development Bank (ADB) Bangladesh Resident Mission (BRM) aims to enhance communications between ADB and its client groups. *News from Bangladesh* disseminates information on ADB activities and provides a forum on development issues in Bangladesh. Articles in the newsletter, however, do not necessarily reflect the official ADB view. We welcome readers' comments and suggestions.

Bangladesh Resident Mission
Plot E-31, Sher-e-Banglanagar
Dhaka–1207, Bangladesh.
Tel: +880 2 815 6000 to 6016
Fax: +880 2 815 6018 to 6019
adbbrm@adb.org
www.adb.org/brm